

বঙ্গবন্ধু বেঁচে থাকলে ২০০০ সালেই উন্নত দেশ হতো বাংলাদেশ

আইআইইউসি'র শোক সভায় মন্ত্রী তাজুল ইসলাম

জাতীয় শোক দিবস উপলক্ষে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) উদ্যোগে ভারুয়াল আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে গতকাল রবিবার। এতে প্রধান অতিথির বক্তব্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মো. তাজুল ইসলাম বলেন, বাংলাদেশের চেতনায় বঙ্গবন্ধু আমৃত্যু একটি অসাম্প্রদায়িক, গণতান্ত্রিক, শোষণমুক্ত, উন্নত ও সমৃদ্ধ



আইআইইউসি'র শোক দিবসের আলোচনা সভায় অতিথিবৃন্দ

বাংলাদেশের স্বপ্ন দেখেছিলেন। তাঁর পুরো জীবনটাই ছিলো জাতির জন্য উৎসর্গিত। বঙ্গবন্ধু বেঁচে থাকলে ২০৪১ সালের জন্য আমাদের অপেক্ষা করতে হতোনা, ২০০০ সালের মধ্যেই বাংলাদেশ উন্নত দেশে পরিণত হতো।

সভাপতির বক্তব্যে প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী বলেন, বঙ্গবন্ধুকে স্বপরিবারে হত্যার মাধ্যমে মুক্তিযুদ্ধের চেতনা ও ইতিহাস বিকৃত করে স্বাধীনতা বিরোধীরা নতুন করে ইতিহাস রচনা করেছিল। কিন্তু ইতিহাস তার আপন গতিতেই চলে। মুহাম্মদ শফীউর রহমানের সঞ্চালনায় ভারুয়াল আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন ড. ইঞ্জিনিয়ার রশিদ আহমদ চৌধুরী, প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, খাদিজাতুল আনোয়ার সনি, মিসেস রিজিয়া রেজা চৌধুরী, প্রফেসর ড. মছররুল মওলা, প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির, প্রফেসর মুহাম্মদ আকতার সাঈদ, ড. সিকদার সানবিম ইসলাম, মুহাম্মদ সরওয়ার আলম, মুহাম্মদ মাহফুজুর রহমান প্রমুখ। প্রেস বিজ্ঞপ্তি।